# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: জীবন ও জীবিকা

## শ্রেণি: সপ্তম

**(ক) প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে লক্ষ্যণীয়**

- বার্ষিক মূল্যায়নের জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে; প্রতিটি অভিজ্ঞতা থেকে প্রশ্ন থাকতে হবে।
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টন ও ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে।
- বহুনির্বাচনি প্রশ্নের ক্ষেত্রে সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবে না। এমন প্রশ্ন করতে হবে যেন উত্তর দেওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীকে ভাবতে বা চিন্তা করতে হয়। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না।
- কোনো প্রশ্নে 'না' বোধক উত্তর চাওয়া হলে সেটির ক্ষেত্রে উল্লিখিত শব্দটি গাঢ় (বোল্ড) অথবা নিচে দাগ (আন্ডারলাইন) করে দিতে হবে, যাতে শিক্ষার্থীর নজর এড়িয়ে না যায় (যেমন, কোনটি **পরিত্যাজ্য,** কোনটি **নয়**, ইত্যাদি ক্ষেত্রে)
- এক কথায় উত্তরের ক্ষেত্রে প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে)।
- সংক্ষিপ্ত প্রশ্নগুলোর ক্ষেত্রেও লক্ষ্য রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং এমন প্রশ্ন হতে হবে যেন সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন- ... ... ... কী, উদাহরণ দাও, ইত্যাদি)।
- বিস্তারিত উত্তর প্রশ্নের ক্ষেত্রে কোনো দৃশ্যপট উল্লেখ করার প্রয়োজন নেই। প্রশ্ন এমন হতে হবে যেন পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে উত্তর প্রদান করতে পারে।
- শিক্ষার্থী ইতোপূর্বে পাঠ্যপুস্তকে সন্নিবেশিত যেসব অভিজ্ঞতা সম্পন্ন করেছে, তার আলোকে দৃশ্যপটনির্ভর প্রশ্ন করতে হবে।এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে, প্রশ্ন যাতে হুবহু মিলে না যায়। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কার্যক্রমের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থী উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, সম্পূর্ণ নতুন পরিস্থিতি বা ভিন্নধর্মী প্রেক্ষিত হতে হবে।

**(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | আগামীর স্বপ্ন | ৩৯-৫৬ |
| ০২ | আর্থিক ভাবনা | ৫৭-৭৮ |
| ০৩ | আমার জীবন আমার লক্ষ্য | ৭৯-৯৬ |
| ০৪ | দশে মিলি করি কাজ | ৯৭-১১২ |
| ০৫ | স্কিল কোর্স ২; কেয়ার গিভিং ১ | ১৪৯-১৬৬ |

(গ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

### (ঘ) শিখনকালীন মূল্যায়ন

<table>
<tr><th>আইটেমের নাম (Item type)</th><th>নির্ধারিত নম্বর</th><th>নির্দেশনা</th></tr>
<tr><td>অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work)<br>নমুনা:<br>• অ্যাসাইনমেন্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৯২, ৫২, ৮৬, তে দেওয়া একক কাজ,<br>• ব্যাবহারিক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৫৩, ১৫৮</td><td>১০</td><td rowspan="3">শিক্ষক প্রতিটি ক্যাটাগরিতে উল্লিখিত নমুনা কাজগুলো থেকে এক বা একাধিক কাজ শিখনকালীন মূল্যায়নের জন্য বেছে নিতে পারেন। অথবা নিজেদের সুযোগ সুবিধা অনুযায়ী সবকটি কাজও সম্পন্ন করতে পারেন। তবে সেক্ষেত্রে ক্যাটাগরি অনুযায়ী নির্ধারিত সবগুলো কাজের গড় নম্বরকে ৩০ নম্বরের মধ্যে উল্লেখ করা যেতে পারে।</td></tr>
<tr><td>অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation)<br>নমুনা:<br>• প্রকল্প/প্রজেক্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১০৮,১৬৩ তে দেওয়া কাজ<br>• অনুসন্ধানমূলক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৬৬,৭৩ তে দেওয়া একক কাজ</td><td>১০</td></tr>
<tr><td>শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন)</td><td>১০</td></tr>
</table>

### (ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

<table>
<tr><th>বিভাগ</th><th colspan="2">আইটেমের নাম</th><th>প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা</th><th>উত্তর দিতে হবে</th><th>প্রতি প্রশ্নে নম্বর</th><th>মোট নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td rowspan="2">ক</td><td rowspan="2">নৈর্ব্যক্তিক প্রশ্ন</td><td>বহুনির্বাচনি প্রশ্ন</td><td>১৫ টি</td><td>১৫ টি</td><td>১</td><td>১×১৫=১৫</td><td rowspan="6">৩ ঘন্টা</td></tr>
<tr><td>এক কথায় উত্তর প্রশ্ন</td><td>১০ টি</td><td>১০ টি</td><td>১</td><td>১×১০=১০</td></tr>
<tr><td>খ</td><td colspan="2">সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন</td><td>১০ টি</td><td>১০ টি</td><td>২</td><td>২×১০=২০</td></tr>
<tr><td>গ</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)</td><td>৫ টি</td><td>৩ টি</td><td>৫</td><td>৫×৩=১৫</td></tr>
<tr><td>ঘ</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে</td><td>৭ টি</td><td>৫ টি</td><td>(৪+৪)=৮</td><td>৮×৫=৪০</td></tr>
<tr><td colspan="6">মোট</td><td>১০০</td></tr>
</table>

*১০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

**(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।**

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪

## বিষয়: জীবন ও জীবিকা

শ্রেণি: সপ্তম

পূর্ণমান: ১০০ সময়: ৩ ঘণ্টা

---

## ক বিভাগ: নৈর্ব্যক্তিক

বহু নির্বাচনী প্রশ্ন: সঠিক উত্তর চিহ্নিত করে খাতায় লিখ (১-১৫ পর্যন্ত)। **১×১৫=১৫**

১। লেনদেনের যৌক্তিক আচরণ কোনটি?
(ক) মূল্য বেশি হলেই জিনিস ভালো হবে ধরে নেওয়া
(খ) প্রয়োজনের অতিরিক্ত জিনিস না কেনা
(গ) অন্যের দ্বারা প্রভাবিত হয়ে লেনদেন করা
(ঘ) কম দামে জিনিস কেনার সময় ভালো-মন্দ যাচাই না করা

২। কোনটি পরিকল্পনার বৈশিষ্ট্য **নয়**?
(ক) সমন্বয় ও যোগসূত্র (খ) বাস্তবমুখীতা
(গ) অনমনীয়তা (ঘ) গ্রহণযোগ্যতা

৩। যোগাযোগ দক্ষতা হলো-
(ক) নিজেকে অতিরিক্ত জাহির করা (খ) অন্যের কথায় মনোযোগ না দেওয়া
(গ) সঠিকভাবে তথ্য আদান-প্রদান করতে পারা (ঘ) অন্যের উপর নিজের মত চাপিয়ে দেওয়া

৪। নিচের কোনটি পরিকল্পনার বৈশিষ্ট্য?
(ক) বাস্তবমুখীতা (খ) অপ্রাসঙ্গিকতা
(গ) প্রতিবন্ধকতা (ঘ) চ্যালেঞ্জ

৫। যোগ্যতার উপাদান **নয়** কোনটি?
(ক) জ্ঞান (খ) দক্ষতা
(গ) মূল্যবোধ (ঘ) নমনীয়তা

৬। সলিউশন ফ্লুয়েন্সির ধাপসমূহ কী নামে পরিচিত?
(ক) 5Ds (খ) 6Ds
(গ) 7Ds (ঘ) 8Ds

৭। অনলাইন প্লাটফর্মে নিরাপত্তার নিশ্চিত করে কোন প্রযুক্তি?
(ক) সাইবার সিকিউরিটি (খ) আইওটি
(গ) বিগ ডাটা (ঘ) অগমেন্টেড রিয়েলিটি

৮। জীবনের লক্ষ্য নির্বাচনে কোন ধরনের সহায়তা গুরুত্বপুর্ণ?
(ক) রাষ্ট্রীয় (খ) সামাজিক
(গ) অর্থনৈতিক (ঘ) সবগুলো

৯। IOT প্রযুক্তি ব্যবহারে নিচের কোনটি প্রয়োজন?

(ক) ইন্টারনেট (খ) মডেম

(গ) ক্যাবল (ঘ) রাউটার

১০। লক্ষ্যে পৌঁছানোর মূল চাবিকাঠি কোনটি?

(ক) নিষ্ঠা, একাগ্রতা, পরিশ্রম, (খ) নিজের দুর্বলতা খুঁজে হতাশ হওয়া

(গ) আগ্রহের পিছনের পটভূমি নির্বাচন (ঘ) নিরিবিলি চিন্তা ভাবনা করা

১১। সামাজিক পরিচর্যা কোনটি?

(ক) পত্রিকা পড়ে শুনানো (খ) ডায়াবেটিস ও প্রেশার মাপা

(গ) খোলা মাঠে বেড়াতে নিয়ে যাওয়া (ঘ) বিছানা থেকে উঠানো বা তোলা

১২। কেউ সমস্যায় পড়লে আমাদের কী করা উচিত?

(ক) চাচা আপন প্রাণ বাঁচা বলে এড়িয়ে যাওয়া (খ) মানুষের সমস্যা নিয়ে হাসাহাসি করা

(গ) সবার বিপদে এগিয়ে যাওয়া (ঘ) না দেখার ভান করা

১৩। জীবনের লক্ষ্য নির্বাচনে নিম্নের কোন বিষয়টির গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে?

(ক) সম্পদের প্রাচুর্য (খ) অন্যের দ্বারা প্রভাবিত হওয়া

(গ) পারিবারিক সামর্থ্য, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি (ঘ) নিজের অক্ষমতা

১৪। কোনটি লেনদেন **নয়**?

(ক) তোমার বন্ধু একটি কলম উপহার দিলো (খ) বই ক্রয়ের পর বিক্রেতাকে ১০০ টাকা প্রদান

(গ) আইসক্রিম ক্রয় করে বিক্রেতাকে ২০ টাকা প্রদান (ঘ) রিকশাওয়ালাকে যাতায়াতের ভাড়া প্রদান

১৫। IOT এর পূর্ণরূপ কী?

(ক) Information of Things (খ) Internet of Things

(গ) Information of Technology (ঘ) Internet for Things

এক কথায় উত্তর প্রশ্ন: প্রতিটি প্রশ্নের উওর দাও। ১×১০=১০

১৬..থার্মোমিটারে ব্যবহৃত তরল পদার্থের নাম কি?

১৭. পরিষ্কারের জন্য কত সময় ধরে হাত ধোয়ার কাজ করতে হয়?

১৮. কত সালে জাতীয় প্রবীণ নীতিমালা অনুমোদন করা হয়?

১৯. দীর্ঘমেয়াদি পরিকল্পনা সাধারণত কত বছরের জন্য করা হয়?

২০. কোন যোগাযোগে ভুল বোঝাবুঝির অবকাশ থাকে না?

২১. কেয়ার গিভিং এ কাজের ক্ষেত্র কয়টি?

২২. নৈতিকতার সাথে লেনদেন করলে কী লাভ ?

২৩. কেয়ার গিভিং কোন ধরনের কাজ?

২৪. কৃত্তিম বুদ্ধিমত্তা প্রযুক্তি কিসের মাধ্যমে কাজ করে?

২৫. কোন প্রযুক্তি ব্যবহার করে বিশাল পরিধির অগোছালো তথ্যকে সাজানো যায়?

## খ বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ২। ২×১০=২০

১। যোগাযোগ দক্ষতা বলতে কী বুঝায়?

২। সাইবার সিকিউরিটির ২টি কাজ উল্লেখ করো।

৩। ডিজিটাল মার্কেটিং বলতে কী বুঝায়?

৪। লেনদেনের ক্ষেত্রে লক্ষণীয় ও অনুসরণীয় ৪টি বিষয় উল্লেখ কর।

৫। লেনদেনের নৈতিকতার একটি উদাহরণ দাও।

৬। লক্ষ্য বলতে কী বুঝায়?

৭। SWOT এর পূর্ণরূপ কী?

৮। কেয়ার গিভারের ২টি কাজ উল্লেখ করো।

৯। লেনদেন ও লেনদেন নয় এমন দুইটি উদাহরণ দাও।

১০। 6Ds অনুযায়ী সমস্যা সমাধানের ধাপগুলোর নাম লিখ।

## গ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

নিচের প্রশ্নগুলো থেকে যেকোনো ৩ টির উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ৫। ৫×৩=১৫

১। সমস্যা সমাধানে সলিউশন ফ্লুয়েন্সির ধাপগুলো উদাহরণসহ ব্যাখ্যা করো।

২। দেহের তাপমাত্রা পরিমাপ করার পদ্ধতি ধারাবাহিকভাবে উল্লেখ করো।

৩। IOT প্রযুক্তিটি একটি উদাহরণের মাধ্যমে ব্যাখ্যা করো।

৪। ...............

৫। ................

## ঘ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

দৃশ্যপটের আলোকে সন্নিবেশিত প্রশ্নগুলোর যেকোনো ৫টির উত্তর দাও। প্রতিটি প্রশ্নে দুটি করে অংশ রয়েছে। প্রতি প্রশ্নের মান (৪+৪)=৮ । ৮(৪+৪))×৫=৪০

১। মনে করো তুমি ভবিষ্যতে একজন সামাজিক উদ্যোক্তা হতে চাও। প্রথমে তোমাকে লক্ষ্য নির্বাচন করতে হবে। তোমার এই লক্ষ্য বা স্বপ্নকে সফল করার জন্য একটি সুন্দর, যৌক্তিক পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন।

(ক) তোমার লক্ষ্য নির্বাচনের ক্ষেত্রে SWOT অ্যানালাইসিস করো।

(খ) SWOT অ্যানালাইসিস তোমার পরিকল্পনা বাস্তবায়নে কীভাবে সহায়তা করবে ব্যাখ্যা করো।

২। স্বপ্নার বাবা একজন ব্যবসায়ী। তিনি আড়ত থেকে পাইকা্রি সবজি ক্রয় করে খুচরা বাজারে বিক্রয় করেন। সেখান থেকে প্রাপ্ত আয় দিয়ে তিনি সংসারের খরচ নির্বাহ করেন।

(ক) স্বপ্নার বাবার লেনদেনের ক্ষেত্রে যৌক্তিকতা বজায়ে কী কী কাজ করা প্রয়োজন ?-ব্যাখ্যা করো।

(খ) নৈতিকভাবে আর্থিক লেনদেন সম্পূর্ণ করার ক্ষেত্রে তাকে কোন নীতিমালা মেনে চলতে হবে? উদাহরণসহ ব্যাখ্যা করো।

৩। হঠাৎ বাবা মারা যাওয়ায় সাদিয়াদের পরিবার দিশেহারা হয়ে পড়ে। একদিন তার মা তাদের দুই ভাই-বোনকে পিঠা বানিয়ে খেতে দিলে তার মাথায় পিঠা বিক্রির একটি আইডিয়া চলে আসে। এখন সাদিয়া এবং তার মা পিঠা বানিয়ে দোকানে বিক্রি করে এবং অনলাইনে অর্ডার নিয়ে তা সরবরাহ করে বেশ আয় করছে।

(ক) সাদিয়ার স্বপ্ন বাস্তবায়নে একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা তৈরি করো।

(খ) উল্লিখিত পরিকল্পনা বাস্তবায়নে সুযোগ এবং চ্যালেঞ্জগুলো চিহ্নিত করো।

৪। কেয়ার গিভিং একটি সেবামূলক কার্যক্রম। মনে কর, তুমি একটি কেয়ার গিভিং ক্যাম্পেইন আয়োজনের দায়িত্ব পেয়েছো। ক্যাম্পেইনটি সুষ্ঠুভাবে পরিচালনা করতে তোমাকে আগে থেকেই পরিকল্পনা গ্রহণ করতে হবে। এবং সে অনুযায়ী বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(ক) উল্লিখিত কেয়ার গিভিং ক্যাম্পেইন পরিচালনার জন্য কী কী বিষয় লক্ষ্ রাখতে হবে তার তালিকা তৈরি করো।

(খ) বর্তমান প্রেক্ষাপটে এই ধরনের ক্যাম্পেইনের প্রয়োজনীয়তা দিন দিন বাড়ছে কেন?-ব্যাখ্যা করো।

৫। শীতের মৌসুমে তমাল তার বাবার সাথে তাদের গ্রামের বাজারে গিয়ে দেখতে পেলো, বাজারে বেশ কিছু সাদা অতিথি পাখি উঠেছে। তমালের বাবা সেই পাখি কিনতে চাইলে তমাল বাবাকে তা কিনতে মানা করে। তমালের কথা শুনে বাবা পাখি না কিনে ফিরে এলেন।

(ক) তমাল কেন তার বাবাকে অতিথি পাখি কিনতে নিষেধ করল? তার যৌক্তিকতা ব্যাখ্যা করো।

(খ) অতিথি পাখি সংরক্ষণে তুমি তোমার এলাকায় কী কী পদক্ষেপ নিতে পারো ব্যাখ্যা করো।

**দৃশ্যপট- ৬**

..............................

..............................

**দৃশ্যপট- ৭**

............................

............................

(ছ) নমুনা প্রশ্নের আলোকে উত্তর

**বহুনির্বাচনী প্রশ্নের (MCQ) এর উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|
| ০১ | খ | ০৬ | খ | ১১ | গ |
| ০২ | গ | ০৭ | ক | ১২ | গ |
| ০৩ | গ | ০৮ | গ | ১৩ | গ |
| ০৪ | ক | ০৯ | ক | ১৪ | ক |
| ০৫ | ঘ | ১০ | ক | ১৫ | খ |

**এক কথায় প্রশ্নের উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|
| ১৬ | পারদ | ২১ | ৩টি |
| ১৭ | ২০ সেকেন্ড | ২২ | গ্রহণযোগ্যতা অথবা সুনাম বৃদ্ধি |
| ১৮ | ২০১৩ | ২৩ | সেবামূলক |
| ১৯ | ৫ বছরের অধিক | ২৪ | কম্পিউটার প্রোগ্রাম |
| ২০ | কার্যকর | ২৫ | বিগ ডাটা |

দৃশ্যপটনির্ভর রচনামূলক প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্ন নং | উত্তরের নম্বর | নম্বর প্রদানের রুব্রিক্স |
|---|---|---|
| ১। ক। তোমার লক্ষ্য নির্বাচনের ক্ষেত্রে SWOT অ্যানালাইসিস করো। | ৪ | SWOT অ্যানালাইসিস ৪ টি বর্ণের যথাযথভাবে বিশ্লেষণ করলে |
| | ৩ | SWOT অ্যানালাইসিস ৩ টি বর্ণের যথাযথভাবে বিশ্লেষণ করলে |
| | ২ | SWOT অ্যানালাইসিস ২ টি বর্ণের যথাযথভাবে বিশ্লেষণ করলে |
| | ১ | SWOT অ্যানালাইসিস ১ টি বর্ণের যথাযথভাবে বিশ্লেষণ করলে |
| | ০ | প্রদত্ত প্রশ্নের সঠিক উত্তর না লিখতে পারলে এবং অপ্রাসঙ্গিক বা ভুল উত্তর লিখলে |